একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার তৈরি করা

ডেলিভারি প্ল্যান এপ্রিল 2023 - মার্চ 2024

City of Westminster

ন্যায্যতর
ওয়েস্টমিনস্টার

একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার প্রদান করা

আমরা এই ডকুমেন্টকে নিম্নলিখিত ভাষাগুলোতে অনুবাদ করতে পারি:

- আরবি (عربي)
- বাংলা (বাংলা)
- পর্তুগিজ (Português)
- কুর্দিশ (کوردی)
- স্প্যানিশ (Español)

যদি আপনার অন্য কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আমাদেরকে এই ঠিকানায় ইমেইল করুন:
communications@westminster.gov.uk

020 7641 6000

অথবা নিচের ঠিকানায় আমাদের কাছে লিখুন:
Fairer Westminster
Westminster City Council
Westminster City Hall
17th Floor, 64 Victoria Street,
London, SW1E 6QP

আমরা কিভাবে একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার গড়ে তুলবো যা এটির সব কমিউনিটিকে সহায়তা এবং উদযাপন করবে সে ব্যাপারে গত বছর আমাদের রূপকল্প শেয়ার করেছিলাম; যা হবে সামাজিক ন্যায়বিচারের সাথে দক্ষ পরিষেবাসমূহের সম্মিলিন ঘটানোর জন্য একটি কাউন্সিল। এটি আমাদের জন্য আরো বেশি অন্তর্ভুক্তিমূলক একটি ওয়েস্টমিনস্টার তৈরি করতে আপনাদের সাথে কাজ করার সুযোগ, যেখানে আমাদের অধিবাসীরা আমাদের সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দুতে থাকবেন, তাদের মতামত শোনা হচ্ছে এমন বোধ করবেন এবং আমাদের সিটির ভবিষ্যত গড়ে তোলার জন্য আমাদের সাথে কাজ করতে পারবেন।

ওয়েস্টমিনস্টারে বিদ্যমান গভীর অসমতাগুলো মোকাবেলা করার জন্য আমাদের বৃহৎ উচ্চাকাঙ্ক্ষা রয়েছে এবং আমরা বহু মানুষের প্রত্যাশিত আয়ু এবং সুযোগ-সুবিধা উভয়টি সীমিত করে দেওয়া দারিদ্র্য কমিয়ে আনতে চাই। একারণেই আমরা প্রি-স্কুলে, প্রাইমারি ও সেকেন্ডারি স্কুলগুলোতে বিনামূল্যে স্কুল লাঞ্চ সরবরাহ করার পাশাপাশি ইতোমধ্যে জীবনযাত্রার ব্যয় ক্রমশ বৃদ্ধি পাওয়ার সংকট মোকাবেলার জন্য 10 মিলিয়ন পাউন্ডের বেশি বিনিয়োগ করেছি।

আরো বেশি কাউন্সিল হোম এবং সত্যিকার অর্থেই সাশ্রয়ী অন্যান্য আবাসন নির্মাণ করতে; আমাদের আবাসন পরিষেবাসমূহ উন্নত করতে; গৃহহীনতা মোকাবেলা করতে; জরুরি ভিত্তিতে জলবায়ু জনিত জরুরি পরিস্থিতি মোকাবেলা করতে; এবং হেঁটে চলাচল করা, সাইকেল চালানো অথবা গণপরিবহন ব্যবহার করা সহজ হবে এমন একটি সিটি তৈরি করতে আমরা অঙ্গীকারাবদ্ধ।

একটি সফল অর্থনীতির জন্য আমাদের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অংশীদার হয়ে কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ - কিন্তু আমাদের সব অধিবাসী সেই সফলতা থেকে উপকৃত হতে পারবেন, এবং আমরা দেখতে চাই সুযোগ-সুবিধাগুলো

আমাদের সিটিব্যাপী শেয়ার করা হচ্ছে, যাতে আমাদের কমিউনিটিগুলোর কেন্দ্রবিন্দুতে থাকা লোকাল হাই স্ট্রিটগুলো এবং ওয়েস্ট এন্ড ক্রমশ শক্তিশালী হয়ে উঠে।

আমাদের উচ্চাকাঙ্ক্ষাগুলো বাস্তবসম্মত ও অর্জনযোগ্য, কিন্তু আমরা স্পষ্টভাবে বুঝতে পারি যে রাতারাতি সবকিছু অর্জন করা যায় না, বিশেষ করে মুদ্রাস্ফীতি এবং জীবনযাত্রার ব্যয় ক্রমশ বৃদ্ধি পাওয়ার সংকটের সম্মুখীন হওয়া একটি দেশ হিসেবে আমরা একটি বিশাল চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার এই সময়ে, যা প্রতিটি পরিবার থেকে শুরু করে সিটি হল পর্যন্ত সবার বাজেটকে সংকুচিত করে দিয়েছে।

একারণেই এই পরিকল্পনা প্রকাশ করার মাধ্যমে আমরা একটি ন্যায্যতর সিটি তৈরি করার জন্য আমাদের কর্মপ্রচেষ্টার ব্যাপারে আপনাকে খোলাখুলি জানিয়ে দিতে চাই, যেখানে আমরা আগামী বছর এবং তার পরবর্তী সময়ের জন্য কী পরিকল্পনা নির্ধারণ করেছি তা স্বচ্ছভাবে উল্লেখ করা হয়েছে। আমাদেরকে জবাবদিহিতার সম্মুখীন করার জন্য এবং আমরা আমাদের প্রতিশ্রুতি এবং আপনার সঙ্গে আমাদের অঙ্গীকারাবদ্ধতাসমূহ রক্ষা করছি তা নিশ্চিত করতে আপনি যেসব পদক্ষেপ গ্রহণ করতে পারেন সেগুলো এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

ওয়েস্টমিনস্টারে এর আগে এই প্রচেষ্টা গ্রহণ করা হয়নি, এবং আপনার পক্ষ থেকে আমরা যে কাজ করি সেটির ব্যাপারে আপনার সাথে যথাসম্ভব খোলামেলা ও স্বচ্ছ থাকা আমাদের অঙ্গীকারের অংশ। আপনাদের কাছে দায়বদ্ধ থাকা এবং একসঙ্গে ন্যায্যতর ওয়েস্টমিনস্টার গড়ে তোলার সময় আমরা প্রতিনিয়ত আমাদের অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর অগ্রাধিকারগুলো বিবেচনা করছি ও সেগুলো প্রতিফলিত করছি তা নিশ্চিত করা, এই উভয় উদ্দেশ্যে আমরা প্রতি বছর এই পরিকল্পনা হালনাগাদ করতে চাই।

ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের নেতা ও ক্যাবিনেট

ন্যায্যতর ওয়েস্টমিনস্টার পাঁচটি গুরুত্বপূর্ণ উচ্চাকাঙ্ক্ষা নিয়ে গঠিত

ন্যায্যতর কমিউনিটি

ওয়েস্টমিনস্টারকে আমাদের সব অধিবাসীর জন্য একটি অধিকতর স্বাস্থ্যকর ও সমতাপূর্ণ স্থানে পরিণত করা।

ন্যায্যতর আবাসন

সাশ্রয়ী আবাসন বৃদ্ধি করা এবং আমাদের ভাড়াটিয়া ও লিজহোল্ডারদের সন্তুষ্টি নিশ্চিত করা।

ন্যায্যতর অর্থনীতি

একটি শক্তিশালী, বৈচিত্র্যপূর্ণ ও ক্রমবর্ধমান অর্থনীতি গড়ে তোলা যা সব অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানকে উপকৃত করবে।

ন্যায্যতর পরিবেশ

2030 সালের মধ্যে একটি শূন্য নির্গমন সম্পন্ন কাউন্সিল এবং 2040 সালের মধ্যে একটি শূন্য নির্গমন সম্পন্ন সিটি হয়ে উঠা।

ন্যায্যতর কাউন্সিল

আমাদের কাউন্সিলকে আমাদের অধিবাসীদের কাছে আরো বেশি স্বচ্ছ ও দৃশ্যমান করে তোলা।

ন্যায্যতর
ওয়েস্টমিনস্টার

ওয়েস্টমিনস্টার একটি অনন্য জায়গা, এবং আমরা কিছু গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত করেছি যা এটি তুলে ধরে...

ওয়েস্টমিনস্টারে 205,087 জন ব্যক্তি বাস করে। জনসংখ্যার 13% হচ্ছে 0-15 বছর বয়সী, 75% হচ্ছে 16-64 বছর বয়সী, এবং 12% হচ্ছে 65+

কাউন্সিল 40টি স্কুল পরিচালনা করে

নাইটসব্রিজ ও বেলগ্রাভিয়ার তুলনায় ওয়েস্টবোর্নে প্রত্যাশিত আয়ু কম

ওয়েস্টমিনস্টার ওয়ার্ল্ড হেরিটেজ সাইট সহ 11,000টি তালিকাভুক্ত ভবন ও অবকাঠামো রয়েছে

কাউন্সিল 20,788টি বাড়ি ব্যবস্থাপনা করছে - 11,769টি ভাড়া দেওয়া এবং 9,019টি লিজ দেওয়া

জনসংখ্যার প্রায় 5% গে, লেসবিয়ান, বাইসেক্সুয়াল বা অন্যান্য নন-হেটারো সেক্সুয়াল যৌন অভিমুখীতার অধিকারী হিসেবে নিজেদের পরিচয় দিয়ে থাকে

ওয়েস্টমিনস্টারে 53,300টিরও বেশি ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে

25% শিশু দারিদ্র্যের মধ্যে বসবাস করে

WELCOME TO WESTMINSTER

74% অধিবাসী তাদের প্রধান ভাষা হিসেবে ইংরেজি ব্যবহার করে

কাউন্সিলের ভবনগুলো থেকে এবং কার্যপরিচালনার ফলে আনুমানিক 41,413 টন কার্বন ডাই অক্সাইড নির্গত হয়ে থাকে

2023/24 অর্থবছরের জন্য কাউন্সিলের বাজেট

প্রতি বছর আমরা পরবর্তী 12 মাসের জন্য কাউন্সিলের প্রতিটি পরিষেবার জন্য কাউন্সিল ট্যাক্স চার্জ ও বাজেটের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করি। 2023 সালের এপ্রিল থেকে 2024 সালের মার্চ পর্যন্ত সময়কালের জন্য, কাউন্সিলের গ্রস বাজেট 880 মিলিয়ন পাউন্ডেরও বেশি, যা জেনারেল ফান্ড নামে পরিচিত, যেটি অধিবাসী, ব্যবসা প্রতিষ্ঠান ও দর্শনার্থীদেরকে পরিষেবা প্রদানের জন্য ব্যবহার করা হবে। এতে পরবর্তী বছরের জন্য ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিলের কাউন্সিল ট্যাক্সের অংশে ফ্রিজ করা অন্তর্ভুক্ত রয়েছে, যার মানে হলো ওয়েস্টমিনস্টার দেশের মধ্যে সবচেয়ে সস্তা ব্যান্ড ডি রেট প্রদান করা অব্যাহত রাখবে।

কাউন্সিলের সোশ্যাল হাউজিং স্টকের জন্য একটি রিং-ফেন্সড ফান্ডও রয়েছে, যা হাউজিং রেভিনিউ অ্যাকাউন্ট (HRA) নামে পরিচিত, যা জেনারেল ফান্ড থেকে আলাদা এবং ভাড়াটিয়া ও লিজহোল্ডারদের কাছ থেকে সংগ্রহ করা ভাড়া ও সার্ভিস চার্জের মাধ্যমে এর সম্পূর্ণ অর্থায়ন করা হয়।

যেহেতু ওয়েস্টমিনস্টার অধিবাসীদের বসবাসের ঠিকানা হওয়ার পাশাপাশি কর্মী ও দর্শনার্থীদের জন্য একটি গন্তব্যস্থল, আমাদের বাজেট এবং এর মাধ্যমে যেসব পরিষেবার অর্থায়ন করা হয় তা এই বরোর উপর, সামগ্রিকভাবে লন্ডনের উপর, এবং বৃহত্তর যুক্তরাজ্যের উপর একটি উল্লেখযোগ্য ও ইতিবাচক প্রভাব ফেলে।

আমাদের তহবিল যেখান থেকে আসে

কাউন্সিল ট্যাক্স প্রতি বছর কাউন্সিলের সামগ্রিক আয়ের একটি অংশ মাত্র। সম্পূর্ণ ব্রেকডাউন নিচে দেওয়া হলো:



আমাদের পরিষেবাগুলোতে আমরা যেভাবে বিনিয়োগ করি

উত্তোলন করা সব অর্থ ওয়েস্টমিনস্টারজুড়ে কাউন্সিলের পরিষেবাগুলোতে বিনিয়োগ করা হয় (সোশ্যাল হাউজিং ছাড়া, যেটির নিজস্ব নিয়ন্ত্রিত তহবিল রয়েছে, যা লিজহোল্ডার ও ভাড়াটিয়াদের থেকে সংগ্রহ করা ভাড়া থেকে অর্থায়ন করা হয়)। এখানে একটি ব্রেকডাউন দেওয়া হলো:



এছাড়াও আমাদের একটি বহু-বছর মেয়াদী বৃহৎ মূলধনী কর্মসূচি রয়েছে, যেখানে গণপূর্ত, হাইওয়ে ও কমিউনিটিগুলোর জন্য 2.8 বিলিয়ন পাউন্ড ব্যয় করা হচ্ছে। এর পাশাপাশি, হাউজিং রেভিনিউ অ্যাকাউন্টের মধ্যে আবাসন পরিষেবা ও বাড়ি সরবরাহ করার জন্য আমাদের আরো 2.5 বিলিয়ন পাউন্ডের বিনিয়োগ রয়েছে।

ন্যায্যতর কমিউনিটি

ওয়েস্টমিনস্টারের মতো সিটিগুলো এর লোকজনকে নিয়ে গড়ে ওঠে - স্বতন্ত্র কমিউনিটিগুলো যা তাদের আশেপাশের এলাকায় প্রাণের সঞ্চার করে এবং প্রতিটি এলাকাকে নিজস্ব পরিচয় ও চরিত্র প্রদান করে। এটি শুধু তখনই ঘটতে পারে যখন আমরা স্থানীয় কমিউনিটির সুনির্দিষ্ট চাহিদাগুলো চিনতে এবং পূরণ করতে আমাদের পরিষেবাগুলো সমন্বয় করি এবং প্রত্যেকে স্থানীয় ফলাফল উন্নয়নের জন্য অবদান রাখতে সক্ষম বলে অনুভব করেন। আমাদের জন্য, একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার হচ্ছে এমন একটি জায়গা যেখানে আমরা প্রতিটি পর্যায়ে অসমতা কমিয়ে আনার জন্য আমাদের সাধ্যমতো সব পদক্ষেপ গ্রহণ করবো, প্রত্যাশিত আয়ুর ব্যবধান কমিয়ে আনা থেকে শুরু করে সর্বত্র খুঁজে পাওয়া বৈষম্য মোকাবেলা করা পর্যন্ত।

একটি নিরাপদ, অভ্যর্থনাকারী সিটি গড়ে তোলা এসব কমিউনিটিকে সমৃদ্ধ হয়ে উঠতে সাহায্য করবে। চমৎকার শিক্ষার সুযোগ সহজ নাগালের মধ্যে রয়েছে জেনে পরিবারগুলো শিশুদেরকে বড় করে তুলতে পারে, এবং তরুণদের কণ্ঠস্বর কাউন্সিলের সিদ্ধান্ত গ্রহণ করার প্রক্রিয়াকে অবহিত করবে। আকর্ষণীয় শারীরিক ক্রিয়াকলাপ এবং অনুপ্রেরণামূলক সাংস্কৃতিক ক্রিয়াকলাপের পাশাপাশি কার্যকর স্বাস্থ্য ও সামাজিক সেবা পরিষেবাসমূহ লোকজনকে একটি ভালো জীবনযাপনে সাহায্য করবে।

কিন্তু যেকোনো কমিউনিটির ভালো থাকা এটি গড়ে তুলতে সাহায্যকারী লোকজনের উপর নির্ভর করে, এবং আমাদের স্বেচ্ছাসেবী সংস্থা ও কমিউনিটি গ্রুপগুলোর কাছে সমৃদ্ধি অর্জন করার জন্য প্রয়োজনীয় সবকিছু থাকার বিষয়টি আমরা নিশ্চিত করতে চাই। সম্পৃক্ততা ও মতামত শোনার মাধ্যমে এসব শক্তিশালী কমিউনিটির ভিত্তি গড়ে তোলা ও লালন করার মাধ্যমেই কেবল সত্যিকার অর্থে ন্যায্যতর, আরো বেশি অন্তর্ভুক্তিমূলক ওয়েস্টমিনস্টার গড়ে তোলা যাবে।

এবছর আমরা যা করবো:

- নর্থ প্যাডিংটনের জনসমাগমের স্থান ও কমিউনিটিগুলোকে অধিকতর স্বাস্থ্যকর, আরো বেশি সম্পদশালী এবং অধিকতর নিরাপদ করে তোলার জন্য আমাদের পরিষেবা, বিনিয়োগ ও কমিউনিটি সম্পৃক্ততা ব্যবহার করবো। আমরা বরোর অন্যান্য এলাকায় যেমন কুইন্সওয়ে, পিমলিকো এবং এজওয়্যার রোডে এই স্থানভিত্তিক ব্যবস্থা পরীক্ষা করে দেখবো।
- প্রি-স্কুলে, প্রাইমারি ও সেকেন্ডারি স্কুলগুলোতে বিনামূল্যে স্কুলের লাঞ্চ সরবরাহ করা, আরো বেশি সকালের নাস্তা, ছুটির দিনের ও স্কুল পরবর্তী সময়ের ক্লাব, অপেক্ষাকৃত কম সংখ্যক এক্সক্লুশনের মাধ্যমে এবং আরো বেশি সংখ্যক তরুণ ব্যক্তিকে শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ক্ষেত্রে এগিয়ে যেতে সাহায্য করার মাধ্যমে আমাদের স্কুলগুলোকে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর তরুণ ব্যক্তিদের জন্য আরো বেশি অন্তর্ভুক্তিমূলক হয়ে উঠতে সহায়তা করবো।
- স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক একটি নতুন কর্মকৌশল এবং আমাদের যৌথ কৌশলগত চাহিদা মূল্যায়ন থেকে বিস্তৃত পরিসরের পর্যালোচনা কাজে লাগিয়ে আমাদের বৈশ্বিক সংখ্যাগরিষ্ঠ কমিউনিটিগুলোর সম্মুখীন হওয়া স্বাস্থ্য সংক্রান্ত অসমতা কমিয়ে আনবো।
- পরিবারগুলোকে অসমতা মোকাবেলা করে এমন পরিষেবাসমূহ অ্যাক্সেস করতে সাহায্য করবো এবং আমাদের পারিবারিক হাব সাইটগুলোর প্রদান করা বহু সংস্থাভিত্তিক সহায়তা শক্তিশালী করবো। এছাড়াও স্থানীয় কমিউনিটিগুলোতে লভ্য পরিষেবাগুলো সম্পর্কে প্রচারণা চালাতে আমাদের লাইব্রেরিগুলো ব্যবহার করবো।
- লোকজনের, বিশেষ করে আমাদের সবচেয়ে সুবিধাবঞ্চিত অধিবাসীদের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করার জন্য আমাদের কমিউনিটিগুলোর সাথে একসঙ্গে কাজ করার নতুন ও আরো ভালো উপায় খুঁজে বের করবো।
- মহিলা ও মেয়েদের জন্য নিরাপত্তা উন্নত করতে পাঁচটি 'নিরাপদ আশ্রয়' প্রতিষ্ঠা করবো। এছাড়াও আমরা ওয়েস্ট এন্ডে সক্রিয়ভাবে কাজ করা নাইট স্টার স্বেচ্ছাসেবকদের সংখ্যা বৃদ্ধি করবো।
- আরো উন্নত ব্যক্তিগত ও স্থানীয় সহায়তা প্রদান করতে আমাদের কমিউনিটিগুলোতে মানসিক স্বাস্থ্য পরিষেবাসমূহে আরো বেশি বিনিয়োগ করবো।
- কেয়ার ওয়ার্কারদের জন্য উচ্চ কর্মসংস্থানের মানদণ্ড নির্ধারণ করে দেওয়া ইউনিসনের 'ইথিকাল কেয়ার চার্টার' গ্রহণ করবো। এর ফলে কেয়ার ওয়ার্কারদের জন্য কর্মস্থলের অবস্থা উন্নত হবে এবং আরো উচ্চ মানের, আরো বেশি মর্যাদাপূর্ণ সেবা প্রদান করা হবে।
- আরো বেশি সুযোগ-সুবিধা তৈরি করবো এবং কেয়ারে থাকা শিশুদের জন্য এবং প্রাপ্তবয়স্ক হওয়ার পর কেয়ার থেকে বেরিয়ে যাওয়া ব্যক্তিদের জন্য প্রদান করা সহায়তা জোরদার করবো। আবাসন বেছে নেওয়ার সুযোগ বৃদ্ধি করা, শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণের অপশনগুলো শনাক্ত করা, এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য পরিষেবাসমূহে অ্যাক্সেস উন্নত করা এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।
- আমাদের কমিউনিটি ও অংশীদারদের সঙ্গে নিয়ে আমাদের তরুণ ব্যক্তিদেরকে এবং তাদের পরিবারকে সহায়তা করবে এমন পরিবর্তনমূলক কর্মসূচি প্রদান করার মাধ্যমে তরুণ ব্যক্তিদের সহিংসতা ও অপরাধে লিপ্ত হওয়ার বিষয়টি মোকাবেলা করবো।

ন্যায্যতর আবাসন

হৃদয় যেখানে সেখানেই বাড়ি, এবং ন্যায্যতর ওয়েস্টমিনস্টারে আমরা অধিবাসী ও পরিবারগুলো থেকে শুরু করে সোশ্যাল কেয়ার ব্যবহারকারী পর্যন্ত সবার আবাসনের চাহিদা পূরণ হওয়ার বিষয়টি নিশ্চিত করতে চাই। কাউন্সিল হাউজিং অথবা ব্যক্তিগতভাবে ভাড়া নেওয়া বাসা যেটাই হোক না কেন, আপনার বাড়ি ভালোভাবে ব্যবস্থাপনা করা, পরিবেশবান্ধব হওয়া এবং, সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, সত্যিকার অর্থে সাশ্রয়ী হওয়া উচিত।

ন্যায্যতর আবাসন বলতে এটাও বুঝায় যাতে প্রত্যেকে এসব সুযোগ-সুবিধার অ্যাক্সেস পেয়ে থাকে। আমরা সাশ্রয়ী আবাসনের সংখ্যা ও মান বাড়াতে চাই এবং আমরা লোকজনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার মাধ্যমে এই শহরে গৃহহীনতা কমিয়ে আনতে চাই।

উন্নত আবাসনের সঙ্গে উন্নত আবাসন পরিষেবার বিষয়টিও চলে আসে এবং আমরা চাই আমাদের ভাড়াটিয়া ও লিজহোল্ডাররা শুধু আমাদের টিমের প্রদান করা সেবার ব্যাপারেই নয়, বরং সেইসাথে আমাদের প্রদান করা বাড়িগুলোর অবস্থা ও জ্বালানি দক্ষতার ব্যাপারেও সবসময় সন্তুষ্ট থাকুন।



এবছর আমরা যা করবো:

- কার্লটন ডেনে নতুন আবাসন এবং বয়স্ক ব্যক্তিদের জন্য সেবাকেন্দ্র তৈরি করবো, এবং সেইসাথে অন্যদের জন্য বাড়িগুলো অভিযোজন করবো যাতে তার স্বনির্ভরভাবে জীবনযাপন করতে পারেন।
- আরো বেশি সংখ্যক সত্যিকার অর্থে সাশ্রয়ী বাড়ি নির্মাণ করার (এবং ক্রয় করার) মাধ্যমে আমাদের অপেক্ষমাণ তালিকায় থাকা আরো বেশি সংখ্যক মানুষকে পুনরায় বাসস্থান প্রদান করবো।
- আমাদের বর্তমান নীতিমালা পর্যালোচনা করার মাধ্যমে আমরা যেভাবে সামাজিক আবাসন বরাদ্দ করি সে প্রক্রিয়াটি যথাসম্ভব ন্যায্য করে তুলবো।
- অফিসারদের সংখ্যা এক তৃতীয়াংশ বৃদ্ধি করার মাধ্যমে আমাদের আবাসন কর্মীদের সঙ্গে যোগাযোগ করাকে সহজতর করবো।
- আবাসনের অবস্থা সম্পর্কে মাসিক জরিপ পরিচালনা করার মাধ্যমে এবং ভাড়াটিয়াদের প্রত্যাশা করা উচিত এমন মেরামত প্রক্রিয়া ও পরিষেবার গুণমানের রূপরেখা তুলে ধরা একটি মেরামত বিষয়ক চার্টার তৈরি করার জন্য তাদের সঙ্গে কাজ করার মাধ্যমে আমাদের ভাড়াটিয়ারা ভালো মানের বাড়িতে বসবাস করছেন তা নিশ্চিত করবো।
- পিমলিকো ডিস্ট্রিক্ট হিটিং আন্ডারটেকিং-এর পারফর্ম্যান্স উন্নত করতে এবং এটির কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনতে কাজ করবো।
- আমাদের ভাড়াটিয়াদের জ্বালানির বিল কমিয়ে আনতে, তাদের বাড়ির জ্বালানি দক্ষতা উন্নত করতে এবং কার্বন নির্গমন কমিয়ে আনতে সাহায্য করার জন্য কাউন্সিলের বাড়িগুলো সংস্কার করবো।
- সিটি জুড়ে আমাদের অফিসাররা যেসব জায়গায় কাজ করতে পারেন সেগুলো বৃদ্ধি করার মাধ্যমে আমাদের আবাসন কর্মীদের সঙ্গে আমাদের ভাড়াটিয়াদের আরো ভালোভাবে সরাসরি সাক্ষাত করার সুযোগ প্রদান করবো।
- উন্নত গ্রাহক সেবা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে, আমাদের কর্মীদেরকে আপনাদের করা ফোনকলের সময় প্রদান করা সেবার মান উন্নত করবো।
- বাড়ির মালিকদের যথাযথ লাইসেন্স থাকার বিষয়টি নিশ্চিত করা এবং তাদেরকে অ্যাক্রিডিটেশন অর্জনের জন্য উৎসাহিত করার মাধ্যমে ব্যক্তিগতভাবে ভাড়া নেওয়া বাড়িগুলোর মান ভাড়াটিয়াদের ব্যবহারের উপযুক্ত থাকা নিশ্চিত করবো।
- ব্যক্তিগতভাবে ভাড়া নেওয়া বাড়ির মান উন্নত করবো এবং ঝুঁকিপূর্ণ অবস্থা দূর করবো। এছাড়াও মান উন্নয়নের জন্য বাড়ির মালিকদের জন্য বাছাইকৃত লাইসেন্স প্রদান করা যথাযথ হবে কিনা তাও আমরা খতিয়ে দেখবো।
- লিজহোল্ডারদের জন্য একটি চার্টার চালু করবো যাতে আমাদের আবাসিক লিজহোল্ডাররা সহজে বুঝতে পারেন যে কোন সহায়তাগুলো পাওয়া যায় এবং তাদের বাড়িতে বড় ধরনের কাজ সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে সম্পৃক্ত হতে পারেন।

ন্যায্যতর অর্থনীতি

ওয়েস্টমিনস্টারের অর্থনীতিকে সঙ্গত কারণেই সফল, বৈচিত্র্যপূর্ণ, সহনশীল ও টেকসই হিসেবে বিবেচনা করা হয়। সব অধিবাসীর জন্য সুফল বয়ে আনবে এমন একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার তৈরি করার জন্য এসব মূল্যবোধের প্রতি সমর্থন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমরা চাই আমাদের সিটি ছোট ও বড় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর চাহিদা পূরণ করবে এবং তাদেরকে সহায়তা করবে। তা সেই ব্যবসা প্রতিষ্ঠান সবার জন্য বিশ্বমানের অভিজ্ঞতা প্রদান করা পুনর্গঠিত ও পুনরুজ্জীবিত ওয়েস্ট এন্ড এবং অক্সফোর্ড স্ট্রিটে অবস্থিত হোক, কিংবা ভবিষ্যত মোকাবেলার জন্য ভালোভাবে প্রস্তুত এবং নিজেদের কমিউনিটির প্রাণকেন্দ্রে পরিণত হওয়া স্থানীয় হাই স্ট্রিটগুলোতে অবস্থিত হোক।

এই কাজের মাধ্যমে অধিবাসীরা একটি ন্যায্যতর অর্থনীতির সঙ্গে আসা কর্মসংস্থানের সুযোগগুলো থেকে উপকৃত হওয়ার জন্য সঠিক দক্ষতাগুলো অর্জন করতে সক্ষম হবে।

এবছর আমরা যা করবো:

- পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য আমাদের স্থানভিত্তিক কর্মপ্রচেষ্টার অংশ হিসেবে আমাদের হাই স্ট্রিটগুলো, যেমন হ্যারো রোড, প্রায়েড স্ট্রিট এবং কুইন্সওয়ে, ইত্যাদিকে উন্নত করবো।
- এলাকাটিতে আলোর ব্যবস্থা উন্নত করা, আরো বেশি বসার ব্যবস্থা এবং অধিকতর প্রশস্ত পেভমেন্টের পাশাপাশি যেখানে সম্ভব সামগ্রিকভাবে পরিবেশ উন্নত করার জন্য আরো বেশি সবুজায়ন করার মাধ্যমে অক্সফোর্ড স্ট্রিটকে আরো বেশি কাঙ্ক্ষিত একটি কেনাকাটার গন্তব্যস্থলে পরিণত করবো।
- ক্ষুদ্র, স্বনির্ভর ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বেড়ে উঠতে সহায়তা করা এবং সিটি জুড়ে খালি পড়ে থাকা ব্যবসা প্রতিষ্ঠানের স্থান কমিয়ে আনার মাধ্যমে খুচরা বিক্রয়ের ভবিষ্যত অন্বেষণ করবো।
- 'নিম্ন মানের দখলদার' (যেমন ক্যান্ডির দোকান) কমিয়ে আনার মাধ্যমে ওয়েস্ট এন্ড এবং অক্সফোর্ড স্ট্রিটে কেনাকাটার অভিজ্ঞতা সমৃদ্ধ করবো, এবং ওয়েস্টমিনস্টারে কালো টাকার প্রবাহ মোকাবেলা করার মাধ্যমে অধিবাসী ও দর্শনার্থীদের জন্য নিরাপত্তা উন্নত করবো, যার মধ্যে অবৈধ, জাল ও বিপজ্জনক জিনিস বিক্রি প্রতিহত করা অন্তর্ভুক্ত রয়েছে।
- যথাযথভাবে মূল্যায়ন না পাওয়া শিল্পী ও সৃজনশীল ব্যক্তিদেরকে সাশ্রয়ী, অন্তর্ভুক্তিমূলক কাজের জায়গার অ্যাক্সেস পেতে সহায়তা করার মাধ্যমে তাদেরকে সৃজনশীল শিল্পখাতে নিজেদের অবস্থান তৈরির সুযোগ করে দেওয়ার জন্য একটি টার্গেটকৃত কর্মসূচি বাস্তবায়ন করবো।
- যথার্থ বিধিমালা প্রণয়নের জন্য সরকারের কাছে লবিং করার মাধ্যমে পেডিক্যাব, ই-স্কুটার ও ডকলেস বাইকের কারণে অধিবাসীরা যেসব সমস্যার সম্মুখীন হন সেগুলো মোকাবেলা করবো।
- আমাদের ন্যায্যতর অর্থনীতি পরিকল্পনা প্রকাশ করবো যার লক্ষ্য হলো একটি ন্যায্যতর এবং অধিকতর টেকসই অর্থনীতি গড়ে তোলা, যেখানে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বেড়ে উঠতে সহায়তা করা হবে, এবং অধিবাসীদেরকে এই বৃহৎ সিটির অফার করা সুযোগ-সুবিধাগুলো অ্যাক্সেস করতে সহায়তা করা হবে। এর একটি অংশ হিসেবে ওয়েস্টমিনস্টারের প্রাপ্তবয়স্কদের শিক্ষা পরিষেবার মাধ্যমে ক্রমবর্ধমান পরিসরের বিভিন্ন কোর্স, যেমন ডিজিটাল ও সুনির্দিষ্ট খাত ভিত্তিক কোর্স অন্তর্ভুক্ত থাকবে।
- যাদের সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে তাদেরকে বিনামূল্যে অথবা অল্প খরচে যোগাযোগের প্যাকেজ প্রদান করার মাধ্যমে আমাদের কমিউনিটিতে ডিজিটাল অন্তর্ভুক্তি উন্নত করবো।
- তরুণ ব্যক্তিদেরকে প্রযুক্তি ও ব্যবস্থাপনা খাতে ক্যারিয়ার গঠনে সচেষ্ট হতে উৎসাহিত করার জন্য আমাদের টেক লায়ন্স 2.0 শিক্ষানবিশ স্কিম চালু করবো।
- আমাদের সাপ্লাই চেইন, জমির মালিক ও ডেভেলপাররা যাতে স্থানীয় কমিউনিটিগুলোর উপকারের জন্য আরো বেশি কাজ করেন তা নিশ্চিত করতে তাদের সঙ্গে কাজ করবো।

ন্যায্যতর পরিবেশ

যেকোনো বড় সিটির জন্য সবচেয়ে কঠিন চ্যালেঞ্জগুলোর মধ্যে একটি হলো জলবায়ুজনিত জরুরি পরিস্থিতি মোকাবেলা করা। একটি ন্যায্যতর পরিবেশ তৈরি করার জন্য আমাদের লক্ষ্যের অংশ হিসেবে আমরা 2030 সালের মধ্যে একটি শূন্য নির্গমন সম্পন্ন কাউন্সিল এবং 2040 সালের মধ্যে একটি শূন্য নির্গমন সম্পন্ন সিটি হয়ে উঠার জন্য উচ্চাকাঙ্ক্ষী পদক্ষেপ গ্রহণ করতে চাই।

এর মানে হলো বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন পূরণ করার জন্য সিটিজুড়ে বায়ু দূষণ কমিয়ে আনা। এছাড়াও এর মানে হলো আমাদের সড়কগুলো যাতে অধিকতর নির্মল ও নিরাপদ হয় তা নিশ্চিত করা, রিসাইকেল করার হার বৃদ্ধি করা, এবং আমাদের নিজেদের পরিষেবাগুলোতে অধিকতর নির্মল প্রযুক্তি ব্যবহার করা।

ওয়েস্টমিনস্টার সবসময় এমন একটি সিটি হয়ে থাকবে যেখানে লোকজন ভ্রমণ করবে, তাই আমরা অধিবাসী, কর্মী ও দর্শনার্থীদেরকে টেকসই ও সক্রিয় পরিবহনের ধরন ব্যবহারে উৎসাহিত করার জন্য সম্ভাব্য সবকিছু করবো। কিন্তু আমরা স্থানীয় ব্যাপারেও মনোযোগ দিতে চাই। অধিবাসীরা যাতে নিজেদের বাড়ি থেকে 15 মিনিট দূরত্বের মধ্যে উচ্চ-মানসম্মত সুযোগ-সুবিধা ও পরিষেবাসমূহের অ্যাক্সেস পান তা নিশ্চিত করার মাধ্যমে, আমরা নির্গমন কমিয়ে আনা, বায়ুর মান উন্নত করা এবং বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য জীবনযাত্রা উন্নত করার ক্ষেত্রে প্রকৃত প্রভাব বিস্তার করতে পারি।

এবছর আমরা যা করবো:

- ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য টেকসই সিটি চার্টারের পক্ষে প্রচারণা চালানোর মাধ্যমে কার্বন নির্গমন কমিয়ে আনবো এবং সিটির স্থায়িত্ব বজায় রাখতে সহায়তা করবো।
- আমাদের কাউন্সিলের ভবন এবং হাউজিং স্টকগুলোতে টেকসই তাপের উৎস প্রতিস্থাপন করা অব্যাহত রাখবো।
- আমরা কিভাবে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করি সে ব্যাপারে আমাদের সিটিজেন’স ক্লাইমেট অ্যাসেম্বলির মাধ্যমে অধিবাসীদের মতামতের প্রতিনিধিত্ব উন্নত করবো।
- ওয়েস্টমিনস্টারের কমিউনিটি, ব্যবসা প্রতিষ্ঠান ও পরিষেবাগুলোর জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ অনুধাবন করা এবং কমিয়ে আনার মাধ্যমে সিটির সহনশীলতা গড়ে তুলতে সাহায্য করবো।
- বায়ুর মান উন্নত করবো এবং অধিবাসীদের সহায়তায় আরো বেশি স্কুল স্ট্রিট স্থাপন করার মাধ্যমে আমাদের শিশুদের জন্য হেঁটে, সাইকেল চালিয়ে বা স্কুট চালিয়ে স্কুলে যাওয়া সহজতর করবো।
- সাইকেল রুট ডেভেলপ করা, আরো 250টি সাইকেল স্ট্যান্ড এবং কমপক্ষে 60টি নিরাপদ হ্যাঙ্গার স্থাপন করার মাধ্যমে আরো বেশি সক্রিয় ভ্রমণকে উৎসাহিত করবো।
- আমাদের বর্জ্য এবং সড়ক পরিষ্কার করার যানবাহনগুলোর বৈদ্যুতীকরণের মাধ্যমে কার্বন নির্গমন কমিয়ে আনবো।
- আবর্জনা জমা করার হট স্পটগুলোকে কেন্দ্র করে টার্গেটকৃত পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে আমাদের সড়কগুলোকে পরিষ্কার রাখবো।
- সিটিজুড়ে আরো 150টি গাছ লাগানোর মাধ্যমে ক্যানোপি কভার বৃদ্ধি করবো।
- আরো তহবিল ও প্রকল্প সহায়তা প্রদান করার মাধ্যমে কমিউনিটি গ্রুপগুলোকে নিজেদের স্থানীয় সবুজ স্থানগুলো উন্নত করতে সাহায্য করবো।
- আমাদের পার্কিং সংক্রান্ত নীতিমালা গ্রহণ করা এবং আমাদের বৈদ্যুতিক যানবাহনের চার্জিং নেটওয়ার্ক সম্প্রসারণ করার মাধ্যমে পায়ে হেঁটে, বাইক চালিয়ে বা গণপরিবহনে ভ্রমণ করতে সক্ষম নন এমন ব্যক্তিদেরকে পরিবেশবান্ধব গাড়ি ব্যবহার করতে উৎসাহিত করবো।

ন্যায্যতর কাউন্সিল

একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার শুরু হয় একটি ন্যায্যতর কাউন্সিলের মধ্য দিয়ে, এবং এর মানে হলো আমাদের অধিবাসীদেরকে সব সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দুতে রাখা। আমরা চাই আমাদের গৃহীত প্রতিটি পদক্ষেপ আপনাদের চাহিদার কথা শোনার মাধ্যমে গ্রহণ করা হবে।

আমরা লোকজনের প্রয়োজনীয় তথ্য ও পরিষেবাগুলো খুঁজে পাওয়া সহজ করতে চাই, এবং চাই যে আমাদের সব কাজ স্বচ্ছ, নৈতিক ও দায়িত্বপূর্ণ হোক। পরিষেবা প্রদান করার জন্য আমরা যেসব অংশীদারের সঙ্গে কাজ করি তারাও এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। সাপ্লাই চেইনের প্রতিটি ধাপে লোকজনের সঙ্গে নৈতিক আচরণ এবং পরিবেশের প্রতি টেকসই মনোভাব অবশ্যই নিশ্চিত করতে হবে।

এছাড়াও আমরা আর্থিকভাবে একটি টেকসই কাউন্সিল হিসেবে থাকতে চাই, যা অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সবসময় তাদের সব চাহিদা পূরণ করার জন্য সহায়তা করতে সক্ষম হবে। একটি ন্যায্যতর কাউন্সিল হচ্ছে এমন কাউন্সিল যেটি আপনার চাহিদাগুলো পূরণ করার জন্য সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে বলে লোকজন আস্থা রাখতে পারে।

এবছর আমরা যা করবো:

- আমরা যেভাবে আমাদের অধিবাসীদের মতামত শুনি এবং আমাদের কাজের মধ্যে সেগুলো অন্তর্ভুক্ত করি তা উন্নত করবো, যা কমিউনিটির অংশগ্রহণ বিষয়ক চার্টার দ্বারা অবহিত করা হবে।
- সরকারি স্কিমগুলোর পাশাপাশি কমপক্ষে আরো 2 মিলিয়ন পাউন্ড বিতরণ করার মাধ্যমে জীবনযাত্রার ব্যয় ক্রমশ বৃদ্ধি পাওয়ার সংকট মোকাবেলায় আমাদের অধিবাসীদেরকে সাহায্য করা অব্যাহত রাখবো, যার মধ্যে 1 মিলিয়ন পাউন্ড নিজেদের ভাড়ার ব্যাপারে সাহায্য প্রয়োজন এমন ভাড়াটিয়াদের জন্য আমাদের হাউজিং রেভিনিউ অ্যাকাউন্টের ভাড়া সংক্রান্ত সহায়তার তহবিল থেকে আসবে।
- একটি নতুন কমিউনিটি সম্পৃক্ততার বিবৃতি গ্রহণ করার মাধ্যমে অধিবাসীদের জন্য উন্নয়নকে প্রভাবিতকারী পরিকল্পনা সংক্রান্ত নীতিমালা তৈরি করাকে সহজতর করবো এবং তারা কিভাবে সরাসরি পরিকল্পনা প্রয়োগের কাজে সম্পৃক্ত হতে পারেন তা ব্যাখ্যা করবো।
- স্থানীয় গণতন্ত্রে লোকজনকে আরো বেশি সম্পৃক্ত করতে ফুল কাউন্সিল মিটিংয়ে জনসাধারণের কথা বলার সুযোগ তৈরি করবো। এছাড়াও আমরা নীতিমালা ও নিরাপত্তা বিষয়ক বৈঠকগুলোতে জনসাধারণের অংশগ্রহণের জন্য আরো বেশি সময় নির্ধারণ করবো।
- মহল্লাগুলোতে কমিউনিটি ‘হাব’ স্পেস তৈরি শুরু করার মাধ্যমে সবার জন্য এক জায়গায় বিভিন্ন পরিষেবা অ্যাক্সেস করা সহজতর করবো।
- আমাদের নিজেদের কর্মীদলে আমাদের কমিউনিটিগুলোর প্রতিনিধিত্ব আরো বৃদ্ধি করবো এবং কাউন্সিলের মধ্যে বেতনের ব্যবধান কমিয়ে আনবো।
- আমাদের রিপোর্ট ইট (Report It) ওয়েবপেইজে নতুন করে ডিজাইন করা একটি টুল ব্যবহার করে সড়কের সমস্যাগুলো সম্পর্কে রিপোর্ট করা সহজতর করতে লোকজনের মতামতকে ব্যবহার করবো।
- উপযুক্ত অধিবাসীদের মধ্যে যারা ভোট দেওয়ার জন্য নিবন্ধিত নন তারা যাতে নিবন্ধন প্রক্রিয়া সম্পর্কে তথ্য পান সে বিষয়টি নিশ্চিত করবো।
- কমিউনিটির অগ্রাধিকারমূলক অনুদান কর্মসূচিগুলো সিটির অন্যান্য অংশে যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে সেখানে সম্প্রসারণ করার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলোতে বিনিয়োগ বৃদ্ধি করবো এবং আমাদের স্বেচ্ছামূলক ও কমিউনিটি খাতের জন্য একটি দীর্ঘ-মেয়াদী মূল অনুদান কর্মসূচি প্রণয়ন করবো।
- কাউন্সিলের সঠিক ডাটার অ্যাক্সেস প্রদান করে এবং স্বচ্ছতা ও সিদ্ধান্ত গ্রহণ উন্নত করে এমন একটি স্মার্ট সিটি অনলাইন প্ল্যাটফর্ম চালু করার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলোর জন্য অবহিত ও সম্পৃক্ত থাকা সহজতর করবো।
- বৃহৎ উন্নয়ন কাজের নকশা সম্পর্কে পরিকল্পনাবিদ এবং পরিকল্পনা কমিটিকে পরামর্শ প্রদান করবে এমন স্বতন্ত্র বিশেষজ্ঞদের নিয়ে একটি নকশা পর্যালোচনা প্যানেল গঠন করবো।

ন্যায্যতর
ওয়েস্টমিনস্টার

আমাদের প্রভাব পরিমাপ করা

একটি ন্যায্যতর ওয়েস্টমিনস্টার গড়ে তোলার জন্য অগ্রগতি সম্পর্কে বুঝতে পারা গুরুত্বপূর্ণ। আমরা কেমন করছি তা নির্ণয় করতে আমরা যেসব পরিমাপ ব্যবহার করবো তার মধ্যে কয়েকটি হলো:

ন্যায্যতর কমিউনিটি

- ক্রীড়া ও শারীরিক ক্রিয়াকলাপে অংশগ্রহণকারী এবং কাউন্সিলের অবসর যাপন ও স্পোর্টস ফ্যাসিলিটিগুলো ব্যবহারকারী লোকজনের সংখ্যা বৃদ্ধি পাওয়া
- 2-, 3- ও 4-বছর বয়সীদের জন্য বিনামূল্যে আর্লি এডুকেশনের অধিকার কাজে লাগানো বৃদ্ধি পাওয়া
- সুবিধাবঞ্চিত পটভূমি থেকে আসা এবং বিনামূল্যে স্কুলের আহার পাওয়ার জন্য উপযুক্ত শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ ধাপ 2 ও 4-এ অর্জন উন্নত হওয়া
- গুরুত্বপূর্ণ ধাপ 4-এ সেকেন্ডারি স্কুলের শিক্ষার্থীদের (GCSE) জন্য প্রোগ্রেস 8 এর স্কোর উন্নত হওয়া
- কাউন্সিলের সঙ্গে চুক্তিবদ্ধ সব হোম কেয়ার প্রদানকারীরা নিজেদের কর্মীদেরকে কমপক্ষে লন্ডনে বসবাস করার মতো বেতন প্রদান করছে তা নিশ্চিত হওয়া
- স্বেচ্ছাসেবা ও কমিউনিটি খাতে তহবিলের মোট পরিমাণ বৃদ্ধি পাওয়া (চুক্তি ও অনুদানের মাধ্যমে)

ন্যায্যতর আবাসন

- আমাদের সাশ্রয়ী আবাসন কর্মসূচি বাস্তবায়িত হওয়া
- আবাসন মেরামত পরিষেবা নিয়ে সন্তুষ্ট ভাড়াটিয়াদের শতকরা হার বৃদ্ধি পাওয়া
- আরো বেশি সংখ্যক ভাড়া দেওয়া বাড়ি এনার্জি পারফর্মেন্স সার্টিফিকেট B রেটিং পূরণ করার জন্য উন্নত হওয়া
- একাধিক বসবাসকারী থাকা (HMO) আরো বেশি সংখ্যক বাড়ি উন্নত হওয়া
- গৃহহীনতা প্রতিরোধ করা হয়েছে এমন কেসের সংখ্যা বৃদ্ধি পাওয়া



আমরা উন্মুক্ত ও স্বচ্ছ থাকবো, এবং আমাদের অগ্রগতি সম্পর্কিত তথ্য আরো বেশি অ্যাক্সেসযোগ্য করবো, যাতে আমরা কেমন করছি তা আপনি দেখতে পান। আমাদের উন্মুক্ত ডাটা (Open Data) পেইজে আমরা আমাদের অগ্রগতি সম্পর্কে আরো বিস্তারিত তথ্য শেয়ার করবো।

ন্যায্যতর অর্থনীতি

ওয়েস্টমিনস্টার ওয়ার্কস-এর মাধ্যমে সহায়তা পাওয়া ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সংখ্যা এবং আমাদের অধিবাসীদের জন্য তাদের প্রদান করা কর্মসংস্থানের সুযোগ-সুবিধা বৃদ্ধি পাওয়া

আরো বেশি সংখ্যক অধিবাসীর প্রশিক্ষণ এবং দক্ষতা অর্জনের সুযোগ পাওয়া

সম্পূর্ণ ফাইবার ব্রডব্যান্ডের অ্যাক্সেস রয়েছে এমন বাড়ির সংখ্যা বৃদ্ধি পাওয়া

অধিবাসীদের একটি উচ্চ শতকরা পরিমাণ একমত হওয়া যে এই কাউন্সিল তাদের স্থানীয় এলাকাকে বসবাসের জন্য একটি উন্নত স্থানে পরিণত করছে

ন্যায্যতর পরিবেশ

কাউন্সিলের কার্বন নির্গমন কমে আসা

সড়কের পাশে সাইকেল পার্কিং এবং নিরাপদ হ্যাঙ্গারের সংখ্যা বৃদ্ধি পাওয়া

কাউন্সিলের পার্কিং পারমিটগুলোর মধ্যে বেশিরভাগ পারমিট বৈদ্যুতিক বা সবুজ যানবাহনের জন্য হওয়া

আবর্জনা ও সড়ক পরিষ্কার করার গাড়ির বহরের মধ্যে বৈদ্যুতিক যানবাহনের অনুপাত বৃদ্ধি পাওয়া

আরো বেশি সংখ্যক ব্যবসা প্রতিষ্ঠান কার্বন নির্গমনের জন্য টেকসই সিটি চার্টারে সাইন আপ করা

ন্যায্যতর কাউন্সিল

এমন একটি কর্মীদল যা আমাদের কমিউনিটিগুলোর প্রতিনিধিত্ব করে

জনসাধারণের জন্য লভ্য কাউন্সিল ডাটাসেটের ব্যবহারকারী বৃদ্ধি পাওয়া

অধিবাসীদের একটি উচ্চ শতকরা পরিমাণ এই ব্যাপারে সম্মত হওয়া যে এই কাউন্সিল তাদের স্থানীয় এলাকার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তাদেরকে সম্পৃক্ত করে থাকে

নিজেদের প্রশ্নগুলোর সমাধান করার জন্য আরো বেশি সংখ্যক অধিবাসীর অনলাইনে যাওয়াকে বেছে নেওয়া

এটি এখানে অ্যাক্সেস করা যাবে:
www.westminster.gov.uk/about-council/data

ন্যায্যতর
ওয়েস্টমিনস্টার

সম্পৃক্ত থাকুন

ন্যায্যতর ওয়েস্টমিনস্টার তৈরিতে আমাদের প্রত্যেকেরই ভূমিকা রয়েছে। আপনার এতে জড়িত হওয়ার এবং নিজের মতামত জানানোর কিছু উপায় হলো:

কারা আপনার নির্বাচিত প্রতিনিধি এবং কখন তারা সিদ্ধান্ত গ্রহণের জন্য বৈঠক করেন তা জেনে নিন
westminster.moderngov.co.uk

আমাদের ইমেইল নিউজলেটার পেতে সাইন আপ করুন
www.westminster.gov.uk/newsletters

পরামর্শ বা প্রস্তাব পড়ুন ও সাড়া দিন
www.westminster.gov.uk/consultations

আমাদের নীতিমালা ও প্রকল্পগুলো পর্যালোচনা করতে এবং সেগুলোর ব্যাপারে মতামত প্রদান করতে আমাদের রেসিডেন্ট রিসার্চ প্যানেলে যোগ দিন
www.westminster.gov.uk/resident-research-panel

আমাদের ইয়ুথ কাউন্সিলে যোগ দিন
www.westminster.gov.uk/about-council/youth-council

আপনার এলাকায় পরিকল্পনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখতে আপনার স্থানীয় সুযোগ-সুবিধা বিষয়ক সোসাইটিতে যোগ দিন
www.westminsteramenitysocietiesforum.org

আপনার স্থানীয় অধিবাসীদের সমিতিতে যোগ দিয়ে আপনার এস্টেটে কমিউনিটির চেতনা তৈরি করুন
www.westminstercommunityinfo.org/subjects/residents-associations

---

যদি আপনার অন্য কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আমাদেরকে এই ঠিকানায় ইমেইল করুন:

communications@westminster.gov.uk **020 7641 6000**

অথবা পৃষ্ঠা 2-এ দেওয়া ঠিকানায় আমাদের কাছে চিঠি লিখুন।